

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বিস্ফোরক পরিদপ্তরে সেবা নিতে আসা সম্মানিত নাগরিকদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, অতি শীঘ্রই বিস্ফোরক পরিদপ্তরের আমদানি সম্পর্কিত সকল NOC, লাইসেন্স (বিস্ফোরক, প্রজ্বলনীয় তরল পদার্থ, গ্যাস সিলিন্ডার, গ্যাসাধার, সিএনজি কীটস এন্ড এক্সেসরিজ ইত্যাদি) জাতীয় রাজস্ব বোর্ডের প্রস্তুতকৃত প্ল্যাটফর্ম NSW (National Single Window) এ চালু হবে। বর্তমানে ব্যবহৃত সিস্টেম (www.explosives.com.bd) ক্রমাগত বন্ধ করা হবে। তাই নিম্নের নির্দেশনা অনুসরণ করতে অনুরোধ করা হলো:

১। আগামী ১ অক্টোবর, ২০২৪ তারিখ হতে পেট্রোলিয়াম শ্রেণীর অন্তর্ভুক্ত প্রজ্বলনীয় রাসায়নিক পদার্থ আমদানিকরণের অনাপত্তিপত্র NSW সিস্টেম হতে প্রদান করা হবে। ১ অক্টোবর, ২০২৪ তারিখ হতে কাস্টমস আর কোনো হার্ড কপি গ্রহণ করবেনা বলে জানিয়েছে।

প্রজ্বলনীয় তরল পদার্থ আমদানির অনাপত্তি সংক্রান্ত সেবাটি বর্তমানে যেভাবে প্রদান করা হয়:

সেবা প্রদানের ধরন	পন্যের ধরন/নাম	কাগজ পত্রাদি	আবেদন
অনাপত্তি	পেট্রোলিয়াম শ্রেণীর অন্তর্ভুক্ত প্রজ্বলনীয় রাসায়নিক পদার্থ আমদানিকরণের অনাপত্তি	ক্লিক করুন	আবেদন করুন

২।

১ অক্টোবর, ২০২৪ তারিখ হতে পেট্রোলিয়াম শ্রেণীর অন্তর্ভুক্ত প্রজ্বলনীয় রাসায়নিক পদার্থ আমদানিকরণের জন্য যা করতে হবে:

- আমদানি কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকল সেবাগ্রহীতা/স্টেকহোল্ডারদেরকে NSW সিস্টেমে (<https://bswnbr.gov.bd/wu/registration/index>) অতি শীঘ্রই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। বিস্ফোরক পরিদপ্তরের ওয়েবসাইটের “অনলাইন আবেদন” মেনুতেও NSW সিস্টেমে প্রবেশের লিংক দেয়া আছে।
- রেজিস্ট্রেশনের পর NSW সিস্টেমে প্রবেশ করে (Log in) আবেদন করতে হবে।
- আবেদনটি নিষ্পত্তির পর এর অনুমোদনের (approval) কপি (pdf) সরাসরি কাস্টমস ও আবেদনকারীর কাছে চলে যাবে। হার্ডকপি সংগ্রহের জন্য বিস্ফোরক পরিদপ্তরে আসার প্রয়োজন নেই।
- রেজিস্ট্রেশনে কোনো সমস্যা হলে হেল্প ডেস্ক থেকে সহযোগিতা নিতে পারবেন। NSW হেল্প ডেস্কের সার্বক্ষণিক যোগাযোগের নম্বর: 01938884499

(মুহাম্মদ মেহেদী ইসলাম খান)
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
বিকল্প ফোকাল পয়েন্ট, NSW